# আশ-শুআ'রা | Ash-Shu'ara | ٱلشُّعَرَاء

আয়াতঃ ২৬ : ৮২

## আরবি মূল আয়াত:

وَ الَّذِیۡۤ اَطۡمَعُ اَنۡ یَّغۡفِرَ لِیۡ خَطِیۡٓـَٔتِیۡ یَوۡمَ الدِّیۡنِ ﴿۸۲﴾

## অনুবাদসমূহ:

‘আর যিনি আশা করি, বিচার দিবসে আমার ত্রুটি-বিচ্যুতি ক্ষমা করে দেবেন’। — আল-বায়ান

আর যিনি, আমি আশা করি- কিয়ামাতের দিন আমার দোষ-ত্রুটি ক্ষমা করে দেবেন। — তাইসিরুল

এবং আশা করি, তিনি কিয়ামাত দিবসে আমার অপরাধসমূহ ক্ষমা করে দিবেন। — মুজিবুর রহমান

And who I aspire that He will forgive me my sin on the Day of Recompense."
— Sahih International

৮২. এবং যার কাছে আশা করি যে, তিনি কিয়ামতের দিন আমার অপরাধ ক্ষমা করে দেবেন।

-

তাফসীরে জাকারিয়া

(৮২) এবং আশা করি, তিনি কিয়ামতের দিন আমার অপরাধসমূহ মার্জনা করে দেবেন। [1]

[1] এখানে ‘আশা’ নিশ্চিত বিশ্বাসের অর্থে ব্যবহার হয়েছে। কারণ, কোন বড় ব্যক্তিত্বের নিকট আশা নিশ্চিত বিশ্বাসের সমতুল্য। আর আল্লাহ তাআলার সত্তা হল এ বিশ্বের সবার চেয়ে মহান। তাঁর কাছে আশা সুনিশ্চিত বিশ্বাস কেন হবে না? সেই জন্য ব্যাখ্যাকারিগণ বলেছেন যে, কুরআনে যেখানেই আল্লাহর ক্ষেত্রে عَسَى (সম্ভবতঃ, আশা করা যায়) শব্দ ব্যবহার হয়েছে, তা সুনিশ্চিত বিশ্বাসের অর্থে। خَطِيئَةٌ একবচন শব্দ। কিন্তু এখানে خَطَايَا বহুবচনের অর্থে ব্যবহৃত হয়েছে। নবীগণ যদিও পাপমুক্ত, তাঁদের দ্বারা বড় পাপ হওয়া অসম্ভব। তা সত্ত্বেও কিছু কাজে ত্রুটি ঘটেছে মনে করে আল্লাহর নিকট ক্ষমাপ্রার্থী হন।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=3014

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন